

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯৩০

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৮. হিবা বা দান, উমরী বা আজীবন দান ও রুকবা দানের বিবরণ - ছেলেকে দান করা বস্তু পিতার ফিরিয়ে নেওয়া বৈধ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ، وَابْنِ عَبَّاسٍ _ رَضِيَ اللَّهُ عَنْهُمْ _, عَنِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ قَالَ: «لَا يَحِلُّ لِرَجُلٍ مُسْلِمٍ أَنْ يُعْطِيَ الْعَطِيَّةَ, ثُمَّ يَرْجِعَ فِيهَا; إِلَّا الْوَالِدُ فِيمَا يُعْطِي وَلَا يَعْطِي وَلَدَهُ». رَوَاهُ أَحْمَدُ, وَالْأَرْبَعَةُ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ

صحيح. رواه أحمد (2 7 و 78)، وأبو داود (3539)، والنسائي (6/ 267 _ 268)، والترمذي (2132)، وابن ماجه (2377)، وابن حبان (5101)، والحاكم (2/ 46) وزادوا جميعا إلا ابن ماجه: «ومثل الذي يعطي العطية، ثم يرجع فيها كمثل الكلب، حتى إذا شبع قاء، ثم عاد في قيئه». وقال الترمذي: هذا حديث حسن صحيح

বাংলা

৯৩০। ইবনু 'উমার ও ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন মুসলিমের জন্য কিছু দান করার পর পুনরায় তা ফেরত নেয়া হালাল নয়। তবে পিতা তার পুত্রকে যা দান করে তা ফেরত নিতে পারে। -তিরমিযী, ইবনু হিব্বান ও হাকিম একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] আবূ দাউদ ৩৬৩৯, তিরমিয়ী ২১৩২, ইবনু মাজাহ ২৩৭৭, ২৪৮২, নাসাঈ ৩৬৯০, আহমাদ ২১২০, ৪৭৯৫। ইবনু হিব্বান ৫১০১ এবং হাকিমের (২/৪৬) বর্ণনায় আরো রয়েছে, যে ব্যক্তি কোন কিছু দান করার পর আবার



তা ফিরিয়ে নিয়ে নেয় সে ঐ কুকুরের মত যে পেট পূর্ণ করার পর বমি করে এবং কিছুক্ষণ পর আবার সেই বমির দিকে প্রত্যাবর্তন করে (অর্থাৎ আবার তা খায়)। ইমাম তিরমিয়ী বলেছেন, হাদীসটি হাসান সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন